

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬১২

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২, দিতীয় অনুচ্ছেদ - মৃত্যু কামনা ও মৃত্যুকে স্মরণ করা

### আরবী

وَعَن أنس قَالَ: دخل النَّبِي عَلَى شَابٌ وَهُو فِي الْمَوْتِ فَقَالَ: «كَيْفَ تجدك؟» قَالَ: وَعُن أنس قَالَ: «كَيْفَ تجدك؟» قَالَ: «لَا أَرجوالله يَا رَسُولَ اللَّهِ وَإِنِّي أَخَافُ ذُنُوبِي فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَجْتَمِعَانِ فِي قَلْبِ عَبْدٍ فِي مِثْلِ هَذَا الْمَوْطِنِ إِلَّا أَعْطَاهُ اللَّهُ مَا يَرْجُو وَآمَنَهُ مِمَّا يَخَافُ» يَجْتَمِعَانِ فِي قَلْبِ عَبْدٍ فِي مِثْلِ هَذَا الْمَوْطِنِ إِلَّا أَعْطَاهُ اللَّهُ مَا يَرْجُو وَآمَنَهُ مِمَّا يَخَافُ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهُ وَقَالَ التِّرْمِذِيُّ هَذَا حَدِيث غَرِيب

#### বাংলা

১৬১২-[১৫] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন এক যুবকের কাছে গেলেন। যুবকটি সে সময় মৃত্যুশয্যায় শায়িত ছিল। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, এখন তোমার মনের অবস্থা কী? যুবকটি উত্তর দিলো, আমি আল্লাহর রহমতের প্রত্যাশী হে আল্লাহর রসূল! কিন্তু এরপরও আমি আমার গুনাহখাতার জন্য ভয় পাচ্ছি। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, এ সময়ে এ যুবকের মতো যে আল্লাহর বান্দার মনে ভয় ও আশার সঞ্চার হয় আল্লাহ তা'আলা তাকে তাই দান করেন, সে গুনাহকে ভয় করে এবং আশা পোষণ করে। (তিরমিয়ী, ইবনু মাজাহ; ইমাম তিরমিয়ী বলেন এ হাদীসটি গরীব।)[1]

## ফুটনোট

[1] হাসান : আতৃ তিরমিয়ী ৯৮৩, ইবনু মাজাহ ৪২৬১, সুনানুল কুবরা লিন নাসায়ী ১০৮৩৪।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: সিনদী বলেন, হাদীস প্রমাণ করে প্রত্যেকের জন্য দু'টি বিষয় পাওয়া সর্বদা প্রয়োজন আর তা আশা ও ভয় এমনকি মৃত্যুর সময়ও। আর এমনটি যেন না হয় যে মৃত্যুর সময় শুধু আশা বেশি থাকে আর ভয় একেবারে শূন্যের কোঠায়। আর হাদীসে প্রতিবাদ করা হয়েছে তাদের যারা মৃত্যুর সময় আশাকে সংক্ষিপ্ত করা মুস্তাহাব মনে করে।



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন